

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনা'র মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং ৪৬.০০.০০০০.০৭০.১৮.০০৪.২০-৩৬৯

তারিখ: ০৪ চৈত্র ১৪২৬
১৮ মার্চ ২০২০

বিষয়: করোনাভাইরাসের সংক্রমণ রোধে হোম কোয়ারেন্টাইন নিশ্চিতকরণ।

সূত্র: (১) স্বাস্থ্য সেবা বিভাগের বিজ্ঞপ্তি নং: ৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৪.২০-৪৪৫, তারিখ: ১৬ মার্চ ২০২০ খ্রি.

(২) এ বিভাগের প্রশাসন-১ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০০৮.২০২০-৩৬৭, তারিখ: ১৮ মার্চ ২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগ হতে জারিকৃত বিজ্ঞপ্তির ছায়ালিপি এসাথে প্রেরণ করা হলো।

২। এমতাবস্থায়, করোনাভাইরাসের সংক্রমণরোধে হোম কোয়ারেন্টাইন নিশ্চিতকরণের লক্ষ্যে বিজ্ঞপ্তিতে বর্ণিত নির্দেশনাসমূহের যথাযথ প্রতিপালন নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। বিষয়টি অতীব জরুরি।

সংযুক্তি: বর্ণনামতে।



আ. ন. ম. ফয়জুল হক
উপসচিব

ফোন: ৯৫৭৩৬২৫

ই-মেইল: lgcc1@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/ চট্টগ্রাম সিটি কর্পোরেশন/

রাজশাহী সিটি কর্পোরেশন/ খুলনা সিটি কর্পোরেশন/ বরিশাল সিটি কর্পোরেশন/ কুমিল্লা সিটি কর্পোরেশন/

সিলেট সিটি কর্পোরেশন/ রংপুর সিটি কর্পোরেশন/ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন/ গাজীপুর সিটি কর্পোরেশন/

ময়মনসিংহ সিটি কর্পোরেশন।

অনুলিপি:

উপসচিব (প্রশাসন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

“মুজিবর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd



স্মারক নং-৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৪.২০-৪৪০

তারিখ: ১৬ মার্চ, ২০২০ খ্রি:শাব্দ
০২ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ

বিজ্ঞপ্তি

করোনা ভাইরাস সংক্রমণ মোকাবেলায় সারাবিশ্বে হোম কোয়ারেন্টাইন (নিজ গৃহে সার্বক্ষণিক অবস্থান) একমাত্র কার্যকর উপায় হিসাবে ব্যবহার করা হচ্ছে। দেশে প্রত্যাগত প্রবাসী বাংলাদেশীদের মাধ্যমে বাংলাদেশে এই ভাইরাস সংক্রমণের উচ্চ ঝুঁকি রয়েছে। এমনভাবে স্বাস্থ্য, বিদেশ প্রত্যাগত নাগরিকদের হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করা অতীব জরুরী।

করোনা ভাইরাস সংক্রমণ মোকাবেলায় জাতীয়, বিভাগীয়, সিটি কর্পোরেশন এলাকায়, পৌরসভা, জেলা, উপজেলা ও ইউনিয়ন পরিষদ পর্যায়ে কমিটি গঠিত হয়েছে। হোম কোয়ারেন্টাইন নিশ্চিতকরণে সংশ্লিষ্ট কমিটি প্রয়োজ্য ক্ষেত্রে নিয়োক্ত কার্যক্রম গ্রহণ করবেনঃ

১. হোম কোয়ারেন্টাইনে থাকা ব্যক্তিবর্গ ১৪ (চৌদ্দ) দিন ঘরের বাইরে বের হবেন না এবং নিজ বাড়ির নির্ধারিত একটি কক্ষে অবস্থান করবেন;
২. পরিবারের অন্যান্য সদস্য দেশে প্রত্যাগত সদস্যের হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করবেন;
৩. গঠিত কমিটিসমূহ সম্প্রতি বিদেশ প্রত্যাগত ব্যক্তিদের বাড়ী চিহ্নিত করবেন এবং তাদের গৃহে সার্বক্ষণিক অবস্থানের বিষয়ে তদারকি করবেন;
৪. গঠিত কমিটিসমূহ হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট এলাকার ঘনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা-কর্মচারী, সুশীল সমাজের প্রতিনিধিবৃন্দ (যেমন: পৌর মেয়র, পৌর কাউন্সিলর, ইউপি চেয়ারম্যান, ওয়ার্ড মেম্বর, ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, স্বাস্থ্য সহকারী, কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার, পরিবার কল্যাণ সহকারী, পরিবারকল্যাণ পরিদর্শিকা, গ্রাম পুলিশ, স্থানীয় সাংবাদিক) বিদেশ প্রত্যাগত ব্যক্তি সম্পর্কে অবহিত করে হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করতে প্রয়োজন অনুযায়ী সম্পৃক্ত করতে হবে;
৫. কোয়ারেন্টাইনকৃত ব্যক্তির আত্মীয়-সজন, বন্ধু-বান্ধব উক্ত ব্যক্তির সংস্পর্শে আসতে পারবেন না;
৬. যদি কোয়ারেন্টাইনকৃত ব্যক্তি উপর্যুক্ত নিয়ম ভঙ্গ করেন, তবে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গ সংশ্লিষ্ট স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য কর্মকর্তা এবং থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার সহায়তা গ্রহণ করবেন;
৭. প্রয়োজনে তমঃ ক্রমিকে বর্ণিত ব্যক্তিবর্গ সংশ্লিষ্ট জেলা প্রশাসক, পুলিশ সুপার, উপজেলা চেয়ারম্যান, সিভিল সার্জন, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তাকে অবহিত করবেন;
৮. হোম কোয়ারেন্টাইনে থাকা ব্যক্তিগণ অসুস্থ হলে স্থানীয় স্বাস্থ্য কর্তৃপক্ষ এবং প্রয়োজনে স্থানীয় সিভিল সার্জন, হাসপাতালের তত্ত্বাবধায়ক ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার সাথে যোগাযোগ করবেন। তারা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;
৯. কোয়ারেন্টাইনে থাকা ব্যক্তিগণ যদি নিয়ম ভঙ্গ করেন তাহলে সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন, ২০১৮ অনুযায়ী তাদের বিপুলে ব্যবস্থা গ্রহণ করা হবে। উক্ত আইনে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ ব্যবস্থা গ্রহণ করবেন;
১০. প্রতিদিন এ বিষয়ে জেলা ভিত্তিক একটি প্রতিবেদন তৈরিপূর্বক সংশ্লিষ্ট সিভিল সার্জন নিয়ন্ত্রণ কক্ষ স্বাস্থ্য অধিদপ্তরের ই-মেইল controlroomdghs@yahoo.com ও মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের ই-মেইল hsdcontrolroom@gmail.com এ প্রেরণ করবেন।

স্থানীয় সরকার বিভাগ সিনিয়র সচিবের দপ্তর	
১) অতিরিক্ত সচিব	৫) প্রশাসন
২) মহাপরিচালক	৬) উন্নয়ন
৩) যুগ্ম-সচিব	৭) নগর উন্নয়ন
৪) যুগ্ম-প্রধান	৮) পাস
	৯) আইন
ডায়েরি নম্বর: ১৬/০৬/২০২০	স্বাক্ষর

২৬.৬.২০২০
(মোঃ আসাদুল ইসলাম)
সচিব

স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ প্রশাসন-১ শাখা	
প্রাপ্তির তারিখ: ১৬/০৬/২০২০	
ডায়েরি নম্বর: ০৪	
উপসচিব (প্রশাসন-১)	